

উত্তর :

তারিখ : ১৮/০৬/২০২০

বাড়ির কাজ

পরিশ্রমের ফল

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

১। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নাও :

ক) 'পরিশ্রমের ফল' গল্পটির লেখক হলেন - রবীন্দ্রনাথ ঠাকুর / উপেন্দ্র
কিশোর রায়চৌধুরী / ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

উত্তর : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

খ) ভিক্ষা করা কর্ম নয় - ভদ্রলোকের / বড়োলোকের / গরীবলোকের।

উত্তর : ভদ্রলোকের।

গ) কেউ কোনো বস্তু পেতে পারে না - বিনা পরিশ্রমে / কষ্ট করলে / ভিক্ষা
না করলে।

উত্তর : বিনা পরিশ্রমে।

ঘ) ব্যক্তি বস্তু প্রাপ্ত হয় - ভিক্ষা করে / পরিশ্রমের ফলে / বসে থেকে।

উত্তর : পরিশ্রমের ফলে।

ঙ) সকল লোকের ঘৃণা ও অশ্রদ্ধার পাত্র হয় - সাধারণ মানুষ / গরীব লোক / ভিক্ষুক।

উত্তর : ভিক্ষুক।

চ) “সে নিতান্ত নিস্তেজ ও নীচাশয়” - যে ভিক্ষা করে / যে চাঁদা তুলে বেড়ায় / যার অনেক ধন-সম্পত্তি আছে।

উত্তর : যে ভিক্ষা করে।

ছ) গৃহনির্মাণ ও কৃষিকর্ম সম্পন্ন হয় - ব্যক্তি পরিশ্রম না করলে / ব্যক্তি অলস থাকলে / ব্যক্তি পরিশ্রমী হলে।

উত্তর : ব্যক্তি পরিশ্রমী হলে।

জ) পরিশ্রম না করলে খাদ্যসামগ্রী, পরিধেয় বস্ত্র ও -----পাওয়া যেত না
- ভিক্ষা / গৃহ / পাঠ্যপুস্তক।

উত্তর : পাঠ্যপুস্তক।

ঝ) কেউ কেউ পৈতৃক বিষয় পেয়ে - অলস হয় / ধনবান হয় / ভিক্ষারী
হয়।

উত্তর : ধনবান।

ঞ) পরিশ্রমের ফলে মানুষ - ধনবান হয় / একই থাকে / গরীব হয়।

উত্তর : ধনবান।